গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৭ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৫/৪৯০

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৪
১৯ নভেম্বর ২০১৭

পরিপত্র

বিষয়ঃ **দেশের অভ্যন্তরে বাণিজ্য মেলা আয়োজন সম্পর্কিত বিধানাবলী।**

দেশের শিল্পায়ন ও উৎপাদিত বিভিন্ন ধরনের পণ্য সামগ্রী প্রদর্শনের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য বাংলাদেশের রাজধানী ঢাকাসহ বিভিন্ন বিভাগীয় শহর, জেলা শহর, উপজেলা সমূহে বাণিজ্য মেলা (Trade Fair) আয়োজন করা হয়। অধিকন্তু বিদেশী কোম্পানি,দূতাবাস ও ব্যবসায়ী সংগঠন/প্রতিষ্ঠানের অংশগ্রহণে বিভিন্ন সময় বাণিজ্য মেলা আয়োজন করা হয়ে থাকে। এসব মেলা সুষ্ঠুভাবে আয়োজনের নিমিত্ত বাণিজ্য মন্ত্রণালয়ের ১২ জুন ২০০৭ তারিখের পরিপত্র বাম/রপ্তানি-৭/২৩(৯৬)/২০০৫(অংশ-১)/১৮৮ বাতিলপূর্বক এ পরিপত্র জারী করা হলো।

১। সংজ্ঞাঃ

(ক) **বাণিজ্য মেলাঃ** বাংলাদেশের অভ্যন্তরে যে কোন স্থানে বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত মেলা যে কোন নামেই আয়োজন করা হোক না কেন, যদি সেখানে প্রদর্শিত দ্রব্যাদি বিক্রয়ের বা বিনিময়ের ব্যবস্থা থাকে তবে তা বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে। তবে বাংলাদেশের ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ অনুষ্ঠিত মেলা যেমন-'বৈশাখী মেলা', 'চৈত্র সংক্রান্তি মেলা' অথবা ধর্মীয় আচার অনুষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত মেলা যেমন-মহরমের মেলা; ইতিহাস ঐতিহ্যের সাথে জড়িত মেলা যেমন-আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষে আয়োজিত 'বই মেলা' অথবা রাষ্ট্রীয় কোন প্রতিষ্ঠান আয়োজিত মেলা যেমন-জাতীয় গ্রন্থ কেন্দ্র আয়োজিত "ঢাকা বই মেলা" বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে না।

(খ) **আন্তর্জাতিক বাণিজ্য মেলাঃ-** দেশীয় প্রতিষ্ঠানের অংশগ্রহণে/বিদেশী প্রতিষ্ঠানের অংশগ্রহণে/যৌথভাবে বিভিন্ন দেশের পণ্যের বাণিজ্য/ব্যবসা সম্প্রসারণের উদ্দেশ্যে আয়োজিত বাণিজ্য মেলা ''আন্তর্জাতিক বাণিজ্য মেলা'' হিসেবে গণ্য হবে।

(গ) **স্থানীয় বাণিজ্য মেলাঃ-** বাংলাদেশের অভ্যন্তরে শুধুমাত্র বাংলাদেশী ব্যবসায়ী/প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে বাংলাদেশি পণ্যসমূহের প্রদর্শনী, বিক্রয় বা বিনিময়ের ব্যবস্থার উপর অনুষ্ঠিত বাণিজ্য মেলা ''স্থানীয় বাণিজ্য মেলা'' হিসেবে গণ্য হবে।

২। **ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাঃ-** বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ও পরামর্শে রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) প্রতি বছর 'ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা' আয়োজন করবে। এ মেলা আয়োজনের জন্য কোন ফি প্রদানের প্রয়োজন হবে না।

৩। **বিভাগীয় শহর ও পার্বত্য জেলার আন্তর্জাতিক বাণিজ্য মেলা ক্যালেন্ডার প্রণয়নঃ**

(ক) ঢাকা ব্যতীত দেশের ৭টি বিভাগীয় শহর যথাঃ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ এবং তিনটি পার্বত্য জেলার মধ্যে পর্যায়ক্রমে একটি জেলা শহরে আন্তর্জাতিক বাণিজ্য মেলা অনুষ্ঠানের নিমিত্ত প্রতি অর্থ বছরের শুরুতে মেলার সময়সূচী নির্ধারণপূর্বক বাণিজ্য মন্ত্রণালয় একটি মেলা ক্যালেন্ডার প্রণয়ন করে সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করবে। প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি স্থানীয় পুলিশ বিভাগ এবং জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় অত্র পরিপত্রের ৬নং অনুচেছদের শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে উক্ত শহরে আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজন করবে।

(খ) উক্ত মেলা অনুষ্ঠানের সম্ভাব্য তারিখের ন্যূনতম ১ (এক) মাস পূর্বে আয়োজনকারী সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কর্তৃপক্ষ বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকূলে অফেরৎযোগ্য ২০০ (দুইশত) মার্কিন ডলার এর সমপরিমাণ বাংলাদেশি টাকা চালানের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক কপি সংযুক্ত করে মন্ত্রণালয়কে লিখিতভাবে অবগত করবে।

চলমান পাতা-০২

৪। **আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনে পালনীয়ঃ**

(ক) বাংলাদেশের যে কোন স্থানে অনুচ্ছেদ ২ ও ৩ এ উল্লিখিত মেলা ব্যতীত অন্য সকল আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

(খ) বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকুলে অফেরৎ যোগ্য ২০০ (দুইশত) মার্কিন ডলার এর সমপরিমাণ বাংলাদেশী টাকা (আবেদনকালীন সময়ের বাজার দর অনুযায়ী) চালানের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে (কোড নং-১১৭০১০০০১২৬৮১) জমা প্রদানপূর্বক আবেদনকারী কোম্পানি/প্রতিষ্ঠানকে **আবেদনের সাথে হালনাগাদ ট্রেড সনদ, আয়কর ও ভ্যাট পরিশোধের সনদ দাখিলসহ** ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে অনুমতির জন্য লিখিত আবেদন করতে হবে।

(গ) বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্স প্রাপ্ত এবং জয়েন্ট স্টক কোম্পানী কর্তৃক সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন প্রাপ্ত ব্যবসায়ী সংগঠন/এ্যাসোসিয়েশনকে টিও লাইসেন্স ও সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন এর কপিসহ ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে অনুমতির জন্য লিখিত আবেদন করতে হবে।

(ঘ) বাণিজ্য মন্ত্রণালয়, প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইসহ প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/ইপিবি/স্থানীয় প্রশাসন/ সংশ্লিষ্ট এ্যাসোসিয়েশনের মতামত গ্রহণ করে সন্তোষজনক পাওয়া গেলে ৬ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে মেলার অনুমতি প্রদান করবে। কোন আবেদন সন্তোষজনক বিবেচিত না হলে সংশ্লিষ্ট সংস্থা/ আবেদনকারীকে লিখিতভাবে জানিয়ে দেয়া হবে।

(ঙ) দেশীয় পণ্য ক্ষতিগ্রস্ত হবে মর্মে প্রতীয়মান হলে বা দেশীয় পণ্য উৎপাদনে নিয়োজিত কোম্পানী/প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হলে বাণিজ্য মন্ত্রণালয় মেলার অনুমতি না দেয়ার ক্ষমতা সংরক্ষণ করে।

৫। **স্থানীয় বাণিজ্য মেলাঃ**

(ক) স্থানীয় বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে আবেদনকারী **প্রতিষ্ঠান/ব্যক্তিকে** (প্রযোজ্য ক্ষেত্রে) **হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট পরিশোধের সনদসহ** সংশ্লিষ্ট জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর নামে ৫০০ (পাঁচশত) টাকা এবং চালানের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে ৫০০০/- (পাচঁ হাজার) টাকা জমা প্রদান করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

(খ) সংশ্লিষ্ট চেম্বারের সুপারিশের ভিত্তিতে স্থানীয় পুলিশ বিভাগের মতামত গ্রহণ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অনধিক ১ (এক) মাসের জন্য ৬ নং অনুচেছদের শর্তাবলী সাপেক্ষে বাণিজ্য মেলা আয়োজনের জন্য অনুমতি প্রদান করতে পারবেন।

(গ) **শুধুমাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকার মধ্যে স্থানীয় বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে জেলা প্রশাসকের পরিবর্তে বাণিজ্য মন্ত্রণালয় থেকে অনুমতি গ্রহণ করতে হবে।**

৬। **বাণিজ্য মেলা আয়োজনের শর্তাবলীঃ**

(ক) আমদানি নিষিদ্ধ বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্য/সামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;

(খ) মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;

(গ) জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন বা প্রচার করা যাবে না;

চলমান পাতা-০৩

(ঘ) মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে;

(ঙ) আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম মেলায় প্রদর্শন/বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য/যন্ত্রপাতি /সরঞ্জাম বিদ্যমান ''আমদানি নীতি আদেশ'' অনুসরণ করে আমদানি করতে হবে;

(চ) স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে;

(ছ) মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে; এবং

(জ) বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না।

৭। এ পরিপত্রে বর্ণিত বিধান লংঘন/অমান্য করে কেউ বাণিজ্য মেলা আয়োজন করতে পারবে না। যদি কেউ এরূপ কাজে লিপ্ত হন তাহলে স্থানীয় প্রশাসন মেলার আয়োজন বন্ধ করাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে এবং বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করবে।

৮। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে। তবে ১২ জুন ২০০৭ তারিখের বাম/রপ্তানি-৭/২৩(৯৬)২০০৫(অংশ-১)/১৮৮ নং পরিপত্রের বিধান মোতাবেক ইতোপূর্বে প্রদত্ত মেলাসমূহের অনুমোদন বহাল থাকবে।

রুখসানা হাসিন
(রুখসানা হাসিন) ১৯/৭/২০০৭
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৯৬২৬
export7@mincom.gov.bd

বিতরণঃ

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/ রংপুর/ময়মনসিংহ।
৪। মেট্রোপলিটন পুলিশ কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক------ ----------(সকল)।
৬। পুলিশ সুপার----------(সকল)।
৭। সভাপতি, এফবিসিসিআই ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি----------(সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (রপ্তানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।